


📃 আল-হুমাযা | Al-Humaza | ٱلْهُمَزَة

আয়াতঃ ১০৪ : ৩

💵 আরবি মূল আয়াত:



সে মনে করে তার সম্পদ তাকে চিরজীবি করবে। — আল-বায়ান

সে মনে করে যে, তার ধন-সম্পদ চিরকাল তার সাথে থাকবে, — তাইসিরুল

সে ধারণা করে যে, তার অর্থ তাকে অমর করে রাখবে। — মুজিবুর রহমান

He thinks that his wealth will make him immortal. — Sahih International

৩. সে ধারণা করে যে, তার অর্থ তাকে অমর করে রাখবে(১);

(১) এর অর্থ হচ্ছে এই যে, সে মনে করে তার অর্থ-সম্পদ তাকে চিরন্তন জীবন দান করবে। অর্থাৎ অর্থ জমা করার এবং তা গুণে রেখে দেবার কাজে সে এত বেশী মশগুল যে নিজের মৃত্যুর কথা তার মনে নেই। তার মনে কখনো এ চিন্তার উদয় হয় না যে, এক সময় তাকে এসব কিছু ছেড়ে দিয়ে খালি হাতে দুনিয়া থেকে বিদায় নিতে হবে। তাছাড়া তাকে এ সম্পদের হিসাবও দিতে হবে। রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, কিয়ামতের দিন কোন বান্দার দু'পা সামনে অগ্রসর হতে পারবে না যতক্ষণ না তাকে নিম্নোক্ত বিষয় জিজ্ঞাসা করা না হয়, তার জীবনকে কিসে নিঃশেষ করেছে; তার জ্ঞান দ্বারা সে কী করেছে; তার সম্পদ কোখেকে আহরণ করেছে ও কিসে ব্যয় করেছে এবং তার শরীর কিসে খাটিয়েছে।" [তিরমিযী: ২৪১৭] [আত-তাফসীরুস সাহীহ]

তাফসীরে জাকারিয়া

৩। সে ধারণা করে যে, তার অর্থ তাকে অমর করে রাখবে। [1]

[1] خُلَدُه শব্দের সবচেয়ে সঠিক অর্থ হল, 'তাকে সর্বদা জীবিত রাখবে।' অর্থাৎ, এই মাল যা সে জমা করে রাখছে, তা তার আয়ু বৃদ্ধি করবে এবং তাকে মরতে দেবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6182

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন